# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


নং-বামাশিবো/প্রশাসন/ফরিদপুর-২৬/ ২৮৭২/৬ তারিখঃ ০৫.০৪.২০১৮খ্রিঃ

**বিষয়ঃ** **প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্রঃ স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.০১৪.১৭.১৪৪(২); তারিখঃ ২১ জানুয়ারি ২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলার ভাংগা উপজেলাধীন একামাতেদ্বীন কামিল মডেল মাদ্রাসার অধ্যক্ষ জনাব আবু ইউসুফ কর্তৃক সাম্প্রদায়িক অস্থিতিশীলতা সৃষ্টির প্রচেষ্টার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন) কর্তৃক সূত্রে উল্লিখিত স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, ভাংগা, ফরিদপুর এর প্রতিবেদনসহ অত্র বোর্ডে একটি পত্র দেয়া হয়েছে।

যেহেতু ফাজিল ও কামিল মাদ্রাসাসমূহ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের এখতিয়ারভুক্ত সেহেতু এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার বরাবর প্রাপ্ত কাগজপত্রাদির ছায়াকপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৩(তিন) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

05.04.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
১২৪/২২, পশ্চিম ধানমন্ডি মেইন রোড
ব্লক-এ, রোড-০৩, মোহাম্মদপুর, ঢাকা।

অনুলিপিঃ

১. জনাব মোঃ আতাউর রহমান, সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
২. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. অফিস কপি।

অতীব জরুরী

সমাপনী পরীক্ষা অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং: ৩৮.০১.০০০০.৩০০.২৭.০১৪.১৭. ৭৪৪ (২)

তারিখ: ০৮ মাঘ, ১৪২৪।
২১ জানুয়ারি, ২০১৮।

**বিষয়:** ভাঙ্গা উপজেলাধীন একামাতেদ্বীন কামিল মডেল মাদরাসার অধ্যক্ষ জনাব আবু ইউসুফ কর্তৃক সাম্প্রদায়িক অস্থিতিশীলতা সৃষ্টির প্রচেষ্টার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।

সূত্রঃ উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গা, ফরিদপুর কর্তৃক প্রেরিত পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গা, ফরিদপুর কর্তৃক দাখিলকৃত পত্রটি পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ০১ (এক-) পাতা।

মোঃ আতাউর রহমান
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)
ফোনঃ ০২-৫৫০৭৪৯১৭

চেয়ারম্যান
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
ঢাকা।

অনুলিপি:
১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফরিদপুর।
২। উপজেলা শিক্ষা অফিসার, ভাঙ্গা, ফরিদপুর।
৩। অফিস কপি।

জরুরি ও অনুপস্থিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভাঙ্গা, ফরিদপুর
http://bhanga.faridpur.gov.bd

পত্র নম্বর: ০৫.১২.২৯১০.০০০.০০.০০২.১৭.১০৯৭ | তারিখ: ২০ নভেম্বর ২০১৭

বিষয়: ভাঙ্গা উপজেলাধীন একামাতেদ্বীন কামিল মডেল মাদ্রাসার অধ্যক্ষ জনাব আবু ইউসুব কর্তৃক সাম্প্রদায়িক অস্থিতিশীলতা সৃষ্টি প্রচেষ্টার বিরুদ্ধে ব্যবস্থা (Precautions) গ্রহণের অনুরোধ।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবহিত করা যাচ্ছে যে, ফরিদপুর জেলাধীন ভাঙ্গা উপজেলার অন্তর্গত কাউলীবেড়া ইউনিয়নে 'একামাতেদ্বীন মডেল কামিল মাদ্রাসা' নামে একটি শিক্ষা প্রতিষ্ঠান অবস্থিত। চলমান এবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৭ এর একটি কেন্দ্র হিসাবে এ মাদ্রাসাটি ব্যবহৃত হচ্ছে। এ প্রতিষ্ঠানে ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে জনাব সমরজিৎ ঘরামি, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)-কে দায়িত্ব প্রদান করা হয়েছে।

একামাতেদ্বীন মডেল কামিল মাদ্রাসার অধ্যক্ষ জনাব আবু ইউসুব আজ ২০ নভেম্বর ২০১৭ সকাল ১১:২৫ মিনিটে তাঁর ব্যক্তিগত মুঠোফোন (নম্বর ০১৭১১২২৩৩৩০) হতে ফোন করে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার ধর্মীয় বিশ্বাস/পরিচয়কে কটাক্ষ করে তাঁর পরিবর্তে একজন 'মুসলমান অফিসার'কে ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে নিয়োগ দিতে বলেন। ভারপ্রাপ্ত কর্মকর্তা পরিবর্তন করা না হলে তিনি এলাকায় মিছিল মিটিং করে দাবি আদায়ের হুমকি প্রদান করেন (কথোপকথনের অডিও ফাইল নিম্নস্বাক্ষরকারীর নিকট সংরক্ষিত আছে)।

এখানে উল্লেখ করা প্রয়োজন, জনাব আবু ইউসুবকে একামাতেদ্বীন কামিল মাদ্রাসা কেন্দ্রে অনুষ্ঠিত এবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার কেন্দ্র সচিব, হল সুপার বা প্রত্যবেক্ষক হিসাবে দায়িত্ব প্রদান করা হয়নি। তাৎক্ষনিকভাবে সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব তপতী বিশ্বাস এবং উপজেলা শিক্ষা অফিসারকে পরীক্ষা কেন্দ্রে প্রেরণ করা হয়; অতিরিক্ত পুলিশ ফোর্স পরীক্ষা কেন্দ্র ও কেন্দ্রের আশেপাশে দায়িত্ব পালন করে। তারা জানান, পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হচ্ছিল এবং কেন্দ্রের সচিব, হল সুপার বা অন্য কোন প্রত্যবেক্ষকের কোন অভিযোগ পাওয়া যায়নি। সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট অধ্যক্ষ মহোদয়ের সাথে টেলিফোনে যোগাযোগ করলে তিনি জানান তারাইল মাদ্রাসার অধ্যক্ষ তার নিকট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার আচরণ সম্বন্ধে অভিযোগ করেন। উল্লেখ্য, তারাইল মাদ্রাসার অধ্যক্ষ মহোদয়ের পরীক্ষা কেন্দ্রে প্রবেশাধিকার নেই। কেন্দ্রের সচিব জানান, তাঁর কেন্দ্রে পরীক্ষার সময় কোন সমস্যা হয়নি এবং কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বা অন্য কারও বিরুদ্ধে তিনি কোথাও কোন অভিযোগ করেননি।

এখানে উল্লেখ করা প্রয়োজন, একামাতেদ্বীন মডেল কামিল মাদ্রাসা ভাঙ্গা উপজেলার ১২ টি ইউনিয়নের ১৩ টি মাদ্রাসার পরীক্ষা কেন্দ্র হিসাবে ব্যবহৃত হচ্ছে। নিজ ইউনিয়নে পরীক্ষা দেওয়ার আইনগত ও অবকাঠামোগত সুযোগ থাকা সত্ত্বেও বিভিন্ন ইউনিয়নের পরীক্ষার্থীদের ১২ ইউনিয়নের বিশাল একটি উপজেলার এক প্রান্তে অবস্থিত একটি মাদ্রাসায় পরীক্ষা দিতে বাধ্য করা অযৌক্তিক ও অসঙ্গত। প্রাথমিক ও এবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৭ এর উপজেলা পর্যায়ের প্রস্তুতিমূলক সভায় বিষয়টি আলোচনা হয় এবং ২০১৭ সালে কেন্দ্র পরিবর্তনের সুযোগ না থাকায় পরবর্তী বছর হতে সকল শিক্ষার্থীর কেন্দ্র বিন্যাস যৌক্তিক ও আইনানুগ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রসঙ্গত উল্লেখ্য, সদ্যসমাপ্ত জুনিয়র দাখিল সার্টিফিকেট পরীক্ষা চলাকালে একামাতেদ্বীন মডেল কামিল মাদ্রাসা কেন্দ্রে আগত ও অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে নির্দিষ্ট মাদ্রাসার পরীক্ষার্থীদের পরীক্ষার অব্যাবহিত

ভাঙ্গা, ফরিদপুর ৭৮৩০, বাংলাদেশ, ফোন ও ফ্যাক্স: ০৬৩২৩-৫৬১২৪, মোবাইল: ০১৭০১-৬৭০-০৩০, ইমেইল: unobhanga@mopa.gov.bd
Bhanga, Faridpur 7830, Bangladesh, Tel & Fax: +8806323-56124, Mobile: 01701-670-030, Email: unobhanga@mopa.gov.bd

পূর্বে মারধরের ঘটনা ঘটে এবং এটি নিয়ে ভাঙ্গা থানায় একটি মামলা চলমান রয়েছে। ২০১৬ সালের পরীক্ষায়ও অনুরূপ ঘটনা ঘটে বলে জানা যায়। একক ও একচেটিয়াভাবে পরীক্ষা কেন্দ্রের মর্যাদা পাওয়ায় একামাতেদ্বীন মডেল কামিল মাদ্রাসা কর্তৃপক্ষের বিরুদ্ধে অন্যান্য মাদ্রাসাকে পরীক্ষা চলাকালে শিক্ষার্থীদের সুযোগ সুবিধা প্রদানের প্রতিশ্রুতি এবং তাদের উপর প্রভাব বিস্তার চেষ্টার বিস্তর অভিযোগ রয়েছে।

একজন দায়িত্বনিষ্ঠ কর্মকর্তা হিসাবে জনাব সমরজিৎ ঘরামীর সুনাম রয়েছে। সদ্যসমাপ্ত জেডিসি ও জেএসসি পরীক্ষা ২০১৭ এ কর্মকর্তাদের ভূমিকা (Performance) মূল্যায়ণ করে জনাব ঘরামীকে ভাঙ্গা উপজেলার সবচেয়ে চ্যালেঞ্জিং কেন্দ্র বিবেচনায় এবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় একামাতেদ্বীন মডেল কমিল মাদ্রাসা কেন্দ্রে ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে নিয়োগ প্রদান করা হয়েছে। নিম্নস্বাক্ষরকারী পূর্বনির্ধারিত মহান বিজয় দিবস ২০১৭ উদ্‌যাপনের প্রস্তুতিমূলক সভায় ব্যস্ত থাকায় অভিযোগ পাওয়ার সাথে সাথে উপরে বর্ণিত দু'জন সিনিয়র ও দায়িত্বশীল কর্মকর্তাকে পরীক্ষা কেন্দ্রে প্রেরণ করা হয়। তাঁরা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে যথাযথ দায়িত্ব পালনরত অবস্থায় দেখতে পান মর্মে নিম্নস্বাক্ষরকারীকে জানান।

একামাতেদ্বীন মডেল কমিল মাদ্রাসাকে একক ও একচেটিয়াভাবে এবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার কেন্দ্র হিসাবে ব্যবহারের যৌক্তিকতা নিশ্চিত করতে মাদ্রাসাটির অধ্যক্ষ একজন দুর্বল ভারপ্রাপ্ত কর্মকর্তা চান বলে প্রাথমিক তদন্তে প্রতীয়মান হয়।

এমতাবস্থায়, জনাব আবু ইউসুব সাম্প্রদায়িক উস্কানী প্রদানের মাধ্যমে এলাকায় যেন কোন অস্থিতিশীলতা সৃষ্টি করতে না পারেন তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া উক্ত কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব সমরজিৎ ঘরামির নিরাপত্তা নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্যও তাঁকে অনুরোধ করা হলো।

Faysal
মোহাম্মদ কাজী ফয়সাল
উপজেলা নির্বাহী অফিসার

পুলিশ সুপার
জেলা বিশেষ শাখা
ফরিদপুর

পত্র নম্বর: ০৫.১২.২৯১০.০০৩.০০.০০২.১৭.১০৯৭(৪) তারিখ: ২০ নভেম্বর ২০১৭

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর ২, ঢাকা ১২১৬।
২. জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।
৩. অধিনায়ক, র‍্যাপিড অ্যাকশন ব্যাটেলিয়ান (র‍্যাব) ৮, ফরিদপুর।
৪. অফিসার-ইন-চার্জ, ভাঙ্গা থানা, ভাঙ্গা, ফরিদপুর।

Faysal
উপজেলা নির্বাহী অফিসার
ভাঙ্গা, ফরিদপুর